



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

বকশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd



নং বামাশিবো/রিক/ ১০১১

তারিখ: ০৬ / ০৩ / ২০১৯

বিষয়: বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আঞ্চলিক কার্যালয়ের আওতাধীন দাখিল ও আলিম স্তরের মাদ্রাসার তথ্য প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের ২৮/১০/২০১৮ তারিখের নং বামাশিবো/ রিক/ ৭৪৯ মোতাবেক রাজশাহী/ চট্টগ্রাম/ রংপুর/ কুমিল্লা/ ময়মনসিংহ/ খুলনা/ সিলেট ও বরিশাল আঞ্চলিক কার্যালয় থেকে প্রেরিত তথ্যে কিছু কিছু অসঙ্গতি ও অপূর্ণতা পরিলক্ষিত হওয়ায় শিক্ষা মন্ত্রণালয়ে তালিকা প্রেরণ করা সম্ভব হচ্ছে না। এমতাবস্থায় প্রেরিত তালিকা যাচাই-বাছাই করে দাখিল ও আলিম স্তরের মাদ্রাসার সঠিক তথ্য সম্বলিত সর্বশেষ নবায়নের তারিখ উল্লেখপূর্বক পৃথক পৃথক পূর্ণাঙ্গ তালিকা (নমুনা ছক অনুযায়ী) আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে প্রেরণের জন্য রাজশাহী, চট্টগ্রাম, খুলনা, রংপুর, কুমিল্লা, ময়মনসিংহ, সিলেট ও বরিশাল আঞ্চলিক কার্যালয়ের সহকারি পরিদর্শকগণকে পুনরায় অনুরোধ করা হলো।

আঞ্চলিক কার্যালয় হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সমন্বিত পূর্ণাঙ্গ তালিকা শিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। কোন মাদ্রাসার নাম বাদ থাকলে কিংবা প্রেরিত তথ্যের মধ্যে কোনরূপ অসংগতি বা ভুল তথ্য থাকলে তার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট সহকারি পরিদর্শকের উপর বর্তাবে।

“নমুনা ছক”

দাখিল

ক্রমিক	মাদ্রাসার নাম	উপজেলা	জেলা	অনুমতি প্রাপ্ত	স্বীকৃতি প্রাপ্ত	এমপিও ভুক্ত	নন এমপিও ভুক্ত	সর্বশেষ নবায়ন তারিখ

আলিম

ক্রমিক	মাদ্রাসার নাম	উপজেলা	জেলা	অনুমতি প্রাপ্ত	স্বীকৃতি প্রাপ্ত	এমপিও ভুক্ত	নন এমপিও ভুক্ত	সর্বশেষ নবায়ন তারিখ

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে-

বিষয়টি অতীব জরুরি।

(প্রফেসর মো: আবুল বাসার)

মাদ্রাসা পরিদর্শক

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

সহকারি পরিদর্শক

রাজশাহী/ চট্টগ্রাম/ রংপুর/ কুমিল্লা/ ময়মনসিংহ/ খুলনা/ সিলেট/ বরিশাল
আঞ্চলিক কার্যালয়

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।